

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

“ বিজ্ঞপ্তি ”

০৩/০৮/২০১৬খ্রিঃ তারিখের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০.০০৫.১৬-৪৪৫, ৪৪৬, ৪৪৭ ও ৪৪৮ নং মোতাবেক সর্বমোট ১২(বার)টি চেক বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের এইচএসসি (বিএম), এসএসসি (ভোকেশনাল) এবং মাদ্রাসা (ভোকেশনাল ও বিএম) শিক্ষক-কর্মচারীদের জুলাই/২০১৬ মাসের বেতন ভাতার (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে) সরকারি অংশের চেক সংশ্লিষ্ট অর্থী, জনতা, রূপালী ও সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়, ঢাকায় ০৩/০৮/২০১৬খ্রিঃ তারিখে হস্তান্তর করা হয়েছে। শিক্ষক-কর্মচারীগণ তাদের স্ব স্ব ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে বেতন ভাতার সরকারি অংশ আগামী ১১/০৮/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকের শাখা থেকে উত্তোলন করতে পারবেন। উল্লেখ্য, শিক্ষক কর্মচারীগণ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে মূল বেতন এবং বাড়ী ভাড়া ভাতা ১০০০/- (এক হাজার টাকা মাত্র) ও চিকিৎসা ভাতা ৫০০/- (পাঁচশত টাকা মাত্র) মাসিক হারে প্রাপ্য হবেন।

বিঃ দ্রঃ - জুলাই/২০১৫ হতে ফেব্রুয়ারী/২০১৬ পর্যন্ত ০৮ (আট) মাসের বকেয়া বেতন ভাতার অর্থ এপ্রিল/২০১৬ ও মে/২০১৬ মাসে প্রদান করা হয়। উক্ত বকেয়ায় প্রাপ্যতার অতিরিক্ত অর্থ যে সকল প্রতিষ্ঠান উত্তোলন করেছেন তাদেরকে ২০/০৬/২০১৬ তারিখের মধ্যে অতিরিক্ত উত্তোলিত অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে (কোড নং ৪ ১-২৫০১-০০০১-২৬৭১) জমা দিয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ট্রেজারী চালানোর মূলকপি জমা দেওয়ার জন্য নোটিশ প্রদান করা হয়। অতিরিক্ত অর্থ সমন্বয়ের বিষয়ে নিম্নে পুনরায় অবহিত করা হল।

➤ যে সকল প্রতিষ্ঠান অতিরিক্ত অর্থ চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করেছেন কিন্তু অদ্যাবধি কারিগরি শিক্ষা অধিদপ্তরকে অবহিত করেননি সে সকল প্রতিষ্ঠানকে ট্রেজারী অফিস হতে ট্রেজারী চালানোর মূলকপি CTR করে প্রতিষ্ঠান প্রধানের অধ্যায়ন পত্রসহ আগামী ১৮/০৮/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে জমা প্রদানের জন্য বলা হল।

➤ যে সকল প্রতিষ্ঠান অতিরিক্ত উত্তোলিত অর্থ মে/২০১৬ মাসের বেতন ভাতা হতে সমন্বয় করেছেন অথবা অতিরিক্ত অর্থ উত্তোলন করেননি এরূপ প্রতিষ্ঠানকে বকেয়া বেতন ভাতা (জুলাই/১৫-ফেব্রুয়ারী/১৬) বিলের কপি এবং উক্ত বিলের সমর্থনে ব্যাংক প্রত্যয়ন পত্র প্রতিষ্ঠান প্রধানের অধ্যায়ন পত্রসহ আগামী ১৮/০৮/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে জমা প্রদানের জন্য বলা হল।

(আ.ন.ম.সালাহ উদ্দীন খান)

পরিচালক (পিআইইউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।